"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন-১ শাখা
পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.mowca.gov.bd

বিষয়: জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি, প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
তারিখ : ১৩/০৪/২০২১ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : জুম প্ল্যাটফর্ম

সভাপতি অনলাইনে সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জয়িতা টাওয়ার ভবনকে মাননীয় প্রধানমন্ত্রীর একটি স্বপ্নের প্রকল্প হিসেবে অভিহিত করে বলেন যে, টাওয়ারের নকশা নির্বাচন থেকে শুরু করে এর সকল অবকাঠামো মাননীয় প্রধানমন্ত্রীর সরাসরি নির্দেশনার পরিপ্রেক্ষিতে নির্মিত হতে যাচ্ছে। জয়িতার স্বপ্নদ্রষ্টা হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক টাওয়ারের ভিত্তিপ্রস্তর স্থাপনপূর্বক নির্মাণকাজের শুভ উদ্বোধন অনুষ্ঠানের সর্বাত্মক প্রস্তুতির লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে মর্মে উল্লেখ করে তিনি সকলকে সক্রিয়ভাবে মতামত প্রদানের আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের সচিব সভাকে অবহিত করেন যে, অনেক প্রচেষ্টার পর নকশা সংশোধনপূর্বক ভবনের পুন:দরপত্র আহ্বান করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে ভবনের নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিত্তিপ্রস্তর স্থাপনপূর্বক নির্মাণ কাজ শুরু করা আবশ্যক।

০২। অত:পর সভাপতির অনুমতিক্রমে জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক ভিত্তিপ্রস্তর স্থাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় বিষয়ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:-

ক্র.নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতির জন্য সার-সংক্ষেপ প্রেরণ	সভাকে অবহিত করা হয় যে, পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্পের আরডিপিপি চূড়ান্ত অনুমোদন প্রদানের পর ভিত্তিপ্রস্তর স্থাপনের তারিখ নির্ধারণের জন্য মন্ত্রণালয় হতে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সার-সংক্ষেপ প্রেরণ করা আবশ্যক। জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক শীঘ্রই আরডিপিপি চূড়ান্ত অনুমোদন পাওয়ার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন। সভায় আলোচনা করা হয় যে, ভিত্তিপ্রস্তর স্থাপন-অনুষ্ঠানের সকল প্রস্তুতি শীঘ্রই গ্রহণ করা প্রয়োজন। যথেষ্ট পরিমান সময় হাতে রেখে সার-সংক্ষেপ প্রেরণ সমীচীন হবে মর্মে সভায় আলোচিত হয়।	১। পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্পের আরডিপিপি চূড়ান্ত অনুমোদন প্রদানের পর ভিত্তিপ্রস্তর স্থাপনের তারিখ নির্ধারণের জন্য মন্ত্রণালয় হতে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সার-সংক্ষেপ প্রেরণ করতে হবে। ২। যথেষ্ট পরিমান সময় হাতে রেখে সার-সংক্ষেপ প্রেরণ করতে হবে। ৩। ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানের সকল প্রস্তুতি শীঘ্রই গ্রহণ করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও জয়িতা ফাউন্ডেশন।
২.২	অনুষ্ঠান সূচি	সভায় আলোচনা করা হয় যে, বর্তমানে করোনা মহামারির ব্যাপকতা বৃদ্ধি পাওয়ায় অনুষ্ঠানটি ভার্চুয়াল পদ্ধতিতে আয়োজন করা সমীচীন হবে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক এ ধরণের ভার্চুয়াল অনুষ্ঠানের প্রচলিত ফরমেট অনুযায়ী অনুষ্ঠানসূচি প্রণয়ন করা যেতে পারে।	বিস্তারিত আলোচনাক্রমে জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানসূচি গৃহীত হয় (অনুষ্ঠানসূচি সংযুক্ত)।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও জয়িতা ফাউন্ডেশন।
২.৩	অ্যানিমেশন ভিডিও	সভায় আলোচনা করা হয় যে, ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানের জন্য ভবনের একটি অ্যানিমেটেড ভিডিও/ভিডিও ক্লিপ প্রস্তুত করা প্রয়োজন। এতে ভবনের ফ্লোরভিত্তিক কোন ফ্লোরে কি আছে এ সর্ম্পকে সম্যক ধারণা পাওয়া যাবে। ভবনে অবকাঠামোগত কি কি সুবিধা রয়েছে, ভবন নির্মাণের উদ্দেশ্য এবং এ ভবন থেকে কি কি সেবা দেয়া হবে ভিডিওতে তার বর্ণনা থাকা সমীচীন হবে। ভিডিওটি গুনগতমানের ক্ষেত্রে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এটির প্রচার সময় সর্বোচ্চ ৫ মিনিট হতে পারে। ভিডিওতে বাংলাদেশে নারীর ক্ষমতায়নে গ্রহীত উদ্যোগ ও সাফল্য গাঁথার প্রতিফলনসহ মাননীয় প্রধানমন্ত্রীর দেশীয় ও আর্ন্তজাতিক কমিটমেন্টসমূহও অর্ন্তভুক্ত করা যেতে পারে।	অ্যানিমেটেড ভিডিও/ভিডিও ক্লিপ এর মেয়াদ হবে সর্বোচ্চ ৫ মিনিট। ভিডিওতে ভবনের ফ্লোরভিত্তিক বর্ণনাসহ অবকাঠামোগত সুবিধাদি উল্লেখ থাকতে হবে। ভিডিওতে বাংলাদেশে নারীর ক্ষমতায়নে গ্রহীত উদ্যোগ ও সাফল্য গাঁথার প্রতিফলনসহ মাননীয় প্রধানমন্ত্রীর দেশীয় ও আর্ন্তজাতিক কমিটমেন্টসমূহও অর্ন্তভুক্ত করা যেতে পারে। ভিডিওটি মানসম্মতভাবে নির্মাণ করতে হবে।	সংশ্লিষ্ট উপ-কমিটি ও জয়িতা ফাউন্ডেশন।

"শেখ হাসিনার বারতা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নারী পুরুষ সমতা"

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
উন্নয়ন-১ শাখা
www.mowca.gov.bd

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৫৬.০৬.০১৩.১৮.১০৪

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৮
০৯ মে ২০২১

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

৯-৫-২০২১
মোহাম্মদ শহীদুল্লাহ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৯৭৭৪
ইমেইল: dev-1@mowca.gov.bd

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
৪) সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
৫) সচিব, বিদ্যুৎ বিভাগ
৬) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৭) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৮) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, জাতীয় মহিলা সংস্থা
৯) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর
১০) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি
১১) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন
১২) অতিরিক্ত সচিব, প্রশাসন উইং, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১৩) অতিরিক্ত সচিব, উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ , মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
১৫) নির্বাহী পরিচালক , জাতীয় মহিলা সংস্থা
১৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
১৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
১৮) প্রকল্প পরিচালক , জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্প এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন
১৯) যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা।
২০) প্রকল্প পরিচালক, জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্প, জয়িতা ফাউন্ডেশন, ঢাকা।

২১) জনাব মুহাম্মদ মশিউর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।

২২) উপসচিব (সকল) ,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

২৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

২৪) জনাব মো: আতিকুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।

২৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

২৬) জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

২৭) সিনিয়র সহকারী সচিব, উন্নয়ন-১ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

২৮) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

২৯) জনাব কামরুল হাসান, উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।

৩০) প্রোগ্রামার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৩১) জনাব এনামুল করিম নির্ঝর, প্রধান স্থপতি, সিস্টেম আর্কিটেক্ট।

৩২) জনাব আল আমিন হোসেন, হেড অফ অপারেশন, সিস্টেম আর্কিটেক্ট।

৩৩) জনাব/........,
....,
...................।